

১২/৮/০৭

বাংলা ভাষা ও সাহিত্যে দূরশিক্ষণ কার্যক্রম

মোঃ সালেহ উদ্দীন

বাংলাদেশের জনসংখ্যার তুলনায় পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংখ্যা একেবারেই কম। এজন্যই দেশে উচ্চ শিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে বাংলাদেশ সরকার প্রাইভেট বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৯৯২ জারি করে। এ পর্যন্ত ৬০টিরও বেশি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এসব বিশ্ববিদ্যালয়ে ক্যারিয়ার কেন্দ্রিক বিষয়েই শিক্ষা প্রদান করা হয়ে থাকে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে রেগুলার শিক্ষা কার্যক্রমের পাশাপাশি রয়েছে দূরশিক্ষণ কার্যক্রম। এতে করে করে পড়া শিক্ষার্থীরা উচ্চ শিক্ষার সুযোগ গ্রহণ করতে পারছে এবং এই উচ্চ শিক্ষার সুযোগ তাদের স্ব স্ব ক্ষেত্রে, এগিয়ে যাবার পথ প্রশস্ত করছে। দূরশিক্ষণ কার্যক্রমে ক্যারিয়ার কেন্দ্রিক বিষয়ের সঙ্গে অন্যান্য বিষয়েও শিক্ষা প্রদান করা হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য বিষয় হল অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান এবং বাংলা ভাষা ও সাহিত্য। একেত্রে

ব্যতিক্রম এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ। এই বিশ্ববিদ্যালয়ই প্রথম 'বাংলা ভাষা ও সাহিত্য' বিষয়ে অনার্স এবং এম. এ প্রগ্রাম চালু করে। পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে বাংলা ভাষা ও সাহিত্যে অনার্স ও এম. এ প্রগ্রাম রয়েছে অথচ ৫০টিরও বেশি বেসরকারি বিশ্ববিদ্যালয় থাকলেও দু'একটি বিশ্ববিদ্যালয় ছাড়া বাকি বিশ্ববিদ্যালয়গুলোতে বাংলা ভাষা ও সাহিত্যে শিক্ষাদানের কোন ব্যবস্থা নেই। বাংলাদেশ এমনই একটি দেশ যে দেশের মানুষ মাতৃভাষার মর্যাদা রক্ষার্থে জীবন উৎসর্গ করেছে। মাতৃভাষার জন্য জীবন দান পৃথিবীর ইতিহাসে বিরল। এই আত্মত্যাগের মহিমা বিশ্বের ভিন্ন ভিন্ন ভাষাভাষী জনগোষ্ঠীকে নিজ নিজ ভাষার প্রতি শ্রদ্ধাশীল করেছে এবং বিশ্বের ১৮৮টি দেশে তাই ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়। আর বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-ই প্রথম মাতৃভাষার মর্যাদা রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করেছে। বাংলা ভাষা ও সাহিত্যকে দূরশিক্ষণ কার্যক্রমের অন্তর্ভুক্ত করে এদেশের বাংলাভাষী শিক্ষার্থীদের শিক্ষার অগ্রযাত্রা সচল রেখেছে। বাংলা একাডেমীর সাবেক পরিচালক মুহম্মদ সিরাজ উদ্দীনের তত্ত্বাবধানে বাংলা বিভাগটি পরিচালিত হচ্ছে। এই বিভাগের অধিকাংশ শিক্ষক রেডিও, টেলিভিশন এবং জাতীয় পর্যায়ের সভা-সেমিনারে নিয়মিত অংশগ্রহণ করে থাকেন।

সিনিয়র এ্যাসিস্ট্যান্ট ডাইন প্রেসিডেন্ট, সিটি ব্যাংক